

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০১

তারিখ: ১৩ মাঘ, ১৪১৮  
২৬ জানুয়ারি, ২০১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**Rationalized Input Template ব্যবহার করে  
ওয়েব পোর্টালের মাধ্যমে তথ্য/বিবরণী দাখিল প্রসঙ্গে।**

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিবরণী/তথ্য অত্র বিভাগে দাখিলের নির্দেশনা রয়েছে। এক্ষেত্রে ইলেক্ট্রনিক (Online) পদ্ধতিতে তথ্য সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় পরিশিষ্ট-‘ক’তে বর্ণিত বিবরণীসমূহ নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক Rationalized Input Template (RIT) ব্যবহার করে ওয়েব পোর্টালের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের Enterprise Data Warehouse (EDW)-তে দাখিল করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে :

- (ক) উল্লিখিত বিবরণীসমূহ ৩০ জুন ২০১২ তারিখ পর্যন্ত Web Portal এর পাশাপাশি বিদ্যমান পদ্ধতিতেও সমান্তরালভাবে বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। ০১ জুলাই ২০১২ হতে শুধুমাত্র Web Portal এর মাধ্যমে সংশ্লিষ্ট বিবরণী দাখিল করতে হবে;
- (খ) অন্যান্য বিবরণীসমূহ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিদ্যমান পদ্ধতিতে দাখিল করতে হবে;
- (গ) Web Portal এর মাধ্যমে বিবরণী দাখিলের ক্ষেত্রে বিবরণী দাখিলের নির্ধারিত সময়সীমা অনুসরণ করতে হবে;
- (ঘ) EDW এর আওতাধীন অত্র বিভাগ সংশ্লিষ্ট বিবরণীগুলোর তালিকা এবং এতদসংক্রান্ত সফট কপি অত্র বিভাগ হতে ০৮ ফেব্রুয়ারি ২০১২ এর মধ্যে সংগ্রহ করতে হবে;
- (ঙ) RIT-গুলো যথাযথভাবে পূরণ করে নিয়মিতভাবে Web Portal এর মাধ্যমে Upload করে দাখিল করতে হবে;
- (চ) Web Portal এর মাধ্যমে প্রথম বিবরণী পরিশিষ্ট-‘ক’তে বর্ণিত তারিখ অনুযায়ী দাখিল করতে হবে।

উল্লেখ্য, আপনাদের প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নামে ইস্যুকৃত User ID ও পাসওয়ার্ড ব্যবহার করা যাবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তিঃ ১(এক)।

(মোঃ সোহরাওয়ার্দী)  
মহাব্যবস্থাপক  
ফোন নং-৭১২০৯৫৬

**List of Statements and Templates**

	<b>Name of Statement</b>	<b>Name of Template</b>	<b>First Reporting Base Date</b>	<b>First Reporting Date(Within)</b>
01	Net Asset Statement	T_PS_M_ASST_ASSET_LIQD T_PS_S_LIAB_FI_LIAB	31 December 2011	12 February 2012
02	Call Money Statement	T_PS_D_CMONEY_TRANS	15 February 2012	15 February 2012 within the working day
03	CRR/SLR Statement	T_PS_M_SLR_CRR T_PS_D_SLR_CASH_RES	31 January 2012	15 February 2012
04	Statement of Loan/Lease Classification & Provisioning	T_PS_D_LN_PROV	31 December 2011	15 March 2012
05	Business activities (Recovery position)	T_PS_Q_LNREC_POSITION	31 December 2011	15 March 2012
06	Statement of Interest Rate in Lending and Deposit	T_PS_M_INT_RATE	31 December 2011	15 March 2012
07	Statement of Loan/Lease Rescheduling	T_PS_M_RESCHED_LOANS	31 January 2012	15 February 2012
08	Statement of Loan/Lease Write off	T_PS_M_WRITE_OFF_LOANLEASE	31 January 2012	15 February 2012
09	Statement of Directors' Loan/Lease	T_PS_Q_SH_DIR_LOANS	31 December 2011	15 March 2012